নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের বেলা তের রাক‘আত সলাত আদায় করতেন, যার ভিতর আছে বিতির এবং ফজরের দু’ রাক‘আত (সুন্নাত)।

‘আয়িশাহ্ রাদয়িাল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের বেলা তের রাক‘আত সলাত আদায় করতেন, যার ভিতর আছে বিতির এবং ফজরের দু’ রাক‘আত (সুন্নাত)।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আয়েশা রাদিয়াল্লাহ আনহা সংবাদ দেন যে, রমযান ও রমযানের বাহিরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের বেলা সব সময় তের রাক‘আত সলাত আদায় করতেন। বিতিরি এ তের রাকা‘আতের মধ্যেই ছিল। অনুরূপভাবে তিনি ফজরের দুই রাকা‘আত সালাত সব সময় আদায় করতেন। এখানে সবসময় দ্বারা উদ্দেশ্য অধিকাংশ সময়। কারণ, হাদীসে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমযানের শেষ দশকে এত বেশি ইবাদত করতেন যা অন্য সময় করতেন না। এটি রাকা‘আত লম্বা ও দীর্ঘ করার ওপর প্রযোজ্য। রাকা‘আত সংখ্যা বাড়ানো নয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো কখনো তের রাকা‘আত সালাত আদায় করতেন আবার কখনো এগারো রাকা‘আত আদায় করতেন। আর বর্ণনায় এসেছে যে, তিনি কখনো এর চেয়ে কমও আদায় করতেন।

http://sunnah.global/hadeeth/bn/show/11269